# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্পেশাল সিকিউরিটি ফোর্স

প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা-১২১৫
https://www.ssf.gov.bd

০৩.১৩.২৬৯০.৫৬৫.১১.০১১.২৩/ ১০৬০

তারিখ : ০৬ কার্তিক ১৪৩০ / ২২ অক্টোবর ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা এর অধীনে রাজস্বখাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ১১-২০তম গ্রেডের নিম্নবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://alljobs.teletalk.com.bd/ssf বা http://ssf.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র:/নং | পদনাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | হিসাবরক্ষক<br>(গ্রেড-১১)<br>বেতন স্কেল : ১২৫০০-৩০২৩০ | ০১ (এক) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রী তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, মাদারীপুর, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, কুমিল্লা, খাগড়াছড়ি, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, খুলনা, ঝিনাইদহ, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ। |
| ২. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতন স্কেল : ১১০০০-২৬৫৯০ | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা, এবং<br>(গ) সাঁটলিপি (Shorthand) প্রতি মিনিটে বাংলা ৭০টি শব্দ এবং ইংরেজিতে ১০০ শব্দের গতি এবং<br>কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। | |
| ৩. | সহকারী হিসাবরক্ষক<br>(গ্রেড-১৩)<br>বেতন স্কেল : ১১০০০-২৬৫৯০ | ০১ (এক) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী। | |
| ৪. | ড্রাফটসম্যান<br>(গ্রেড-১৪)<br>বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০ | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যানশীপ সার্টিফিকেট প্রাপ্ত। | |
| ৫. | বাবুর্চি<br>(গ্রেড-১৭)<br>বেতন স্কেল : ৯০০০-২১৮০০ | ০৩ (তিন) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাবুর্চির কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। | ঢাকা, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, চাপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, . মাগুরা, সাতক্ষীরা, ভোলা, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ। |
| ৬. | মেসওয়েটার<br>(গ্রেড-১৭)<br>বেতন স্কেল : ৯০০০-২১৮০০ | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ফুড এন্ড বেভারেজ সার্ভিস এর সনদ প্রাপ্ত; তবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৭. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০ | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ তবে প্রার্থীকে শারীরিক যোগ্যতাসম্পন্ন হতে হবে। | |

**আবেদনকারীদের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী :**

১। ১৫/১১/২০২৩ তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার (নাতি-নাতনি) ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। এছাড়া এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ২ নং ক্রমিকের শূন্যপদ পূরণে "The Stenographers and steno-typists (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978." সাঁটলিপির গতি অনুসরণ করা হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়, এস,আর,ও নং ৪০০-আইন/২০১০/০৫.১৭০.০২২.০৩.০৫.০৪১.২০১০ তারিখ ২১ ডিসেম্বর ২০১০ অনুযায়ী সাঁটলিপিকার-কাম-কম্পিউপটার অপারেটর পদে কম্পিউটারে মুদ্রাক্ষরে গতি অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে অন্যদের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে, এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৪। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ২ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ১, ৩, ৪, ৫, ৬ ও ৭ নং ক্রমিক নম্বরে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৫। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে :**

ক) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যাদের পুত্র কন্যা (নাতি-নাতনি) হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হতে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/ মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত দুই কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

খ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এর ২টি সত্যায়িত কপি। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের উপযুক্ত পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ (নাতি-নাতনি) মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

গ) আবেদনকারী সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তি পত্রের মুল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে।

ঘ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটরের ক্ষেত্রে বাংলা ও ইংরেজি সাঁটলিপির মূল সনদপত্র, ড্রাফটসম্যান পদে ড্রাফটসম্যানশীপ এর মূল সনদপত্র, বাবুর্চি পদে বাস্তব অভিজ্ঞতার মূল সনদপত্র ও মেসওয়েটার পদে ফুড এন্ড বেভারেজ সার্ভিস এর মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং উক্ত সনদপত্রের সত্যায়িত এক সেট দাখিল করতে হবে।

ঙ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড)।

